তারিখ ... 26.9.78 ... ...
পৃষ্ঠা ... ... 1 ... কলাম 7 ... ...

074

ইত্তেফাক

# ফরিদপুরে নদী গবেষণা ইনষ্টিটিউট প্রতিষ্ঠার উদ্যোগ

ফরিদপুর, ২৫শে সেপ্টেম্বর (বাসস)—বন্যা নিয়ন্ত্রণ ও বিদ্যুৎ-মন্ত্রী জনাব বি, এম, আব্বাস আজ এখানে বলেন, ফরিদপুরে একটি নদী গবেষণা ইনষ্টিটিউট স্থাপনের কাজ এ বছরই শুরু হইবে।

আজ এখানকার ষ্টেডিয়ামের সম্মেলন কক্ষে স্থানীয় কর্মকর্তা ও শহরের বিশিষ্ট ব্যক্তিদের এক

(৮ম পৃঃ ১ এর কঃ দ্রঃ)

## নদী গবেষণা

( ১ম পৃঃ পর )

সভায় বিদ্যুৎমন্ত্রী বলেন, ১৫ কোটি টাকা ব্যয়সাপেক্ষ এই প্রকল্পের প্রাথমিক কাজের জন্য প্রয়োজনীয় অর্থ ইতিমধ্যেই সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে প্রদান করা হইয়াছে। তিনি বলেন, কাজের বিনিময়ে খাদ্য কর্মসূচীর অধীনে 'বন্যানিয়ন্ত্রণ ও সেচ প্রকল্প' গ্রহণ করা হইবে। এজন্য ত্রাণ ও পুনর্বাসন মন্ত্রণালয়কে 'পর্যাপ্ত' গম সরবরাহ নিশ্চিত করার অনুরোধ করা হইয়াছে। জনাব আব্বাস বলেন, ওয়েষ্টার্ন জোনে নিয়মিত বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করার জন্য আগামী দুই তিন বছরের মধ্যে একটি ইষ্ট-ওয়েষ্ট ইন্টারকানেকটর স্থাপন করা হইবে। ওয়েষ্টার্ণ জোনের বর্তমান বিদ্যুৎ সরবরাহের ক্ষমতা বৃদ্ধির জন্য শীঘ্রই আরও কয়েকটি জেনারেটর সংগ্রহ করা হইবে।

জনাব আব্বাস ফরিদপুর শহরকে কুমার নদীর ভাঙ্গন হইতে রক্ষার জন্য একটি ডাইভারশন স্কীম গ্রহণের সম্ভাব্যতা পরীক্ষা করিয়া দেখার জন্য ফরিদপুরবাসীকে আশ্বাস দেন।